

# তাল উৎসব ঘিরে উদ্দীপনা বাঁকুড়ায়

September 8, 2018 MongalkoteLeave A CommentOn তাল উৎসব ঘিরে উদ্দীপনা বাঁকুড়ায়



সাধন মন্ডল,

ডিআর সি এস সি কলকাতার উদ্যোগে ও বাঁকুড়ার পরিচালনায় তিনদিনের তাল উৎসব শুরু হলো বাঁকুড়ার নীলকন্ঠ ভবনে। অনুষ্ঠানের শুভ সূচনা করেন ওন্দা বিধানসভার বিধায়ক তথা বাঁকুড়া জেলা তৃণমূল কংগ্রেসের সভাপতি অরুণ খাঁ মহাশয়। প্রদীপ জ্বালিয়ে অনুষ্ঠানের সূচনা করে অরুণ বাবু বলেন ” তাল নিয়ে অনেক কিছু করা যায় তা ডি আর সি এস সি এর কর্মকর্তারা দেখিয়ে দিচ্ছেন। আগেকার মতো এখনকার ছেলেমেয়েরা আর তাল খায়না। তালের অনেক গুণ রয়েছে।” তাল উৎসবকে কেন্দ্র করে নীলকন্ঠ ভবন এলাকায় বিপুল উৎসাহ ও উদ্দীপনা দেখা যায়।

অনুষ্ঠানের উদ্বোধনের আগেই তালের নানা রকম সুস্বাদু খাবার কেনার লাইন পড়ে যায়। তালথেকে একটি পরিবার সারা বছর ২০০থেকে ২২০ দিন কাজ পেতে পারে, যা তার সাংসারিক জীবনে আর্থিক স্বাচ্ছন্দ নিয়ে আসতে পারে বলে জানালেন ডি আর সি এস সি এর মুখ্য প্রোগ্রাম অধিকর্তা সুজিত মিত্র । তিনি আরো বলেন বাঁকুড়া ও পুরুলিয়ায় এই উৎসব করা মূল লক্ষ্য হলো এই এলাকায় সহজেই তাল পাওয়া যায়, প্রচুর তালগাছ এলাকায় আছে কিন্তু এলাকার মানুষজন এর উপকারিতা সেভাবে জানেন না। সে বিষয়ে মানুষজনকে জানানো এবং এর থেকে যে সহজেই অর্থনৈতিক উন্নয়ন ঘটানো যায় তা এলাকার পিছিয়ে পড়া মানুষদের বোঝানোই এই উৎসবের মূল লক্ষ্য।

যদি একটি পরিবারের ছয়টি তালগাছ থাকে তাহলে সারা বছর সংসার চালাতে সেই পরিবারে কোন অসুবিধা হবে না। আজকাল অনেক রকম পদ তৈরি করার ব্যবস্থা হয়েছে। যেমন তালের ক্যান্ডী, আইসক্রিম, তাল সিরাপ সহ নানান জিনিস বাজারে নিয়ে এসেছে ডি আর সি এস সি । তাল প্রসঙ্গে বাঁকুড়া জেলা কো অর্ডিনেটর দীপক ঘোষ বলেন “এ ই মেলা আমাদের তৃতীয় বর্ষে পদার্পণ করলো। তালের গুনাগুন ও তাল থেকে আর্থিক উন্নয়ন ঘটানোর লক্ষ্য নিয়ে এই উৎসব। আজকের অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বাঁকুড়া পৌরসভার চেয়ারম্যান মহাপ্রসাদ সেনগুপ্ত, বিধায়ক শম্পা দরিপা, ডাঃ অমিতাভ চট্টরাজ ডাঃ দেবব্রত দে , উপ পৌরপ্রধান দিলীপ আগরওয়াল প্রমুখ। এই উৎসব আগামী ১০ ই সেপ্টেম্বর পর্যন্ত চলবে বলে জানালেন দীপক বাবু।